# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ১৩ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনূর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট।

তারিখ : ১৯-০৬-২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>(খ) আলোচনাকালে প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী, সদর, সিলেট বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন বাজেটের ইউনিয়ন পরিষদের অন্যান্য ভবন ও স্থাপনা উপখাতে অত্র উপজেলার অধীন সকল ইউনিয়ন পরিষদ ভবন মেরামত প্রকল্পের কাজ শুরু হয়েছে।<br>তিনি জানান উপজেলা পরিচালন ও উন্নয়ণ প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাদেআলী এলাকায় বাড়িড পাইপ স্থাপন প্রকল্পে ট্রান্সফরমার স্থাপন বাবদ-১,৬০,০০০/-(এক লক্ষ ষাট হাজার) টাকা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন। | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২) জুন-২০২৫ এর মধ্যে সকল কাজ শেষ করে বিল পরিশোধ করতে হবে।<br>১.৩) অত্র উপজেলার অধীন সকল ইউনিয়ন পরিষদ ভবণ মেরামত প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করতে হবে। | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>তিনি জানান, কোভিড-১৯ ও ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে, বিমানবন্দরে স্ক্রেনিং কার্যক্রম চলমান, করোনার উপসর্গ হলো জ্বর, ব্যাথা, গলা শুকিয়ে যাওয়া এছাড়া ফুসফুসের বিভিন্ন উপসর্গ দেখা দেয়। করোনা পরীক্ষা শুরু হয়নি, বর্তমানে থার্মাল মিটারের সাহায্যে করোনা পরীক্ষা করা হচ্ছে। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>১.২) করোনার পরীক্ষা শুরু করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান,আগামী ২৬ শে জুন হতে এইচএসসি পরীক্ষা-২০২৫ শুরু হবে, চারটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে, তিনি কেন্দ্রসমূহে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও রাস্তায় যানযট নিরসনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ১)নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ বিভাগ বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং যানযট নিরসনে গ্রাম পুলিশদের নিয়োজিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>তিনি জানান, পিরেরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় সুরমা নদীর তীরবর্তী তাই জরুরী ভিত্তিতে আশু পদক্ষেপ গ্রহন না করা হলে বিদ্যালয়টি নদী গর্ভে চলে যাবে। তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন।<br>চেয়ারম্যান ০১ নং জালালাবাদ ইউপি জানান, বৌনকারকান্দি | ১.১। পিরেরগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ অন্যান্য যে সকল স্কুল ও প্রতিষ্ঠান নদীগর্ভে যাওয়ার সম্ভাবনা রয়েছে সে সকল প্রতিষ্ঠানের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| | স্কুলে শিক্ষকদের উপস্থিতি কম, তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | | |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং দ্রুত প্রকল্পের কাজ শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান ট্যাকনিক্যাল সমস্যার কারণে পরিবার পরিকল্পনা বিভাগের ঔষধ ক্রয় করা হয়নি। ইউনিয়ন পরিষদ স্বাস্থ্য কেন্দ্রে ঔষধের সাময়িক সংকট রয়েছে।তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি)বরাদ্দ থেকে ঔষধ ক্রয়ের জন্য বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। | ১.১। চলতি বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) প্রকল্প গ্রহণ শেষ হওয়ায় এবং জরুরী পরিস্থিতি বিবেচনায় আগামী অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ঔষধ ক্রয় বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) বরাদ্ধ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রণোদনা কর্মসূচির আওতায় ১৬০০ জন কৃষক কে ৫ কেজি হারে রোপা আমন ধানের বীজ, ডিএপি স্যার ১০ কেজি ও এমওপি সার ১০ কেজি হারে প্রদান করা হবে। ৫০ জন কৃষক কে ১০ গ্রাম হাইব্রিড মরিচ বীজ, ৫ কেজি ডিএপি, ৫ কেজি এমওপি সার ও বালাইনাশক প্রদান করা হবে। ১৭৫ জন কৃষক কে ৫ টি করে মোট ৮০০ টি নারিকেল ছাড়া, ৫ টি করে লেবুর চারা ও ১০ কেজি হারে জৈব সার, ১৪০ টি তাল গাছের চারা প্রদান করা হবে এছাড়া ৮০ জন কৃষক কে গ্রীষ্মকালীন সবজি (উফশী) প্রদান করা হবে। | ১.১। উল্লেখিত বীজ ও সার সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। বন্যা পরিস্থিতি উদ্ভবের সম্ভাবনা রয়েছে মর্মে কৃষি বিভাগকে সতর্ক থাকতে হবে। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। বন্যা পরিস্থিতি উদ্ভবের সম্ভাবনা রয়েছে মর্মে মৎস্য বিভাগকে সতর্ক থাকতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। বন্যা পরিস্থিতি উদ্ভবের সম্ভাবনা রয়েছে মর্মে প্রাণিসম্পদ বিভাগকে সতর্ক থাকতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় অত্র উপজেলার ০৪ টি ইউনিয়ন যথাক্রমে: হাটখোলা ইউনিয়নে ১৬ জন, কান্দিগাঁও ইউনিয়নে ০৮ জন, টুকের বাজার ইউনিয়নে ০৭ জন, খাদিমনগর ইউনিয়নে ০৭ জন বয়স্ক ভাতা প্রাপ্তির আবেদনের সুযোগ রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১.১। ০৪ টি ইউনিয়নে বয়স্ক ভাতা প্রাপ্তির আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সদর, সিলেট জানান, ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের ৯০০জন উপকারভোগীর জুন/২০২৫ মাসের খাদ্যশস্য বিতরণের ডিও প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১। ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের ৯০০জন উপকারভোগীর জুন/২০২৫ মাসের খাদ্যশস্য সুষ্ঠুভাবে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট। |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (ভা:প্রা:), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সভায় উপস্থিত-না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্ট রেঞ্জার ও সিলেট সদর, সিলেট । |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এছাড়া ২০২৪-২৫ অর্থবছরে APA চুক্তি মোতাবেক এ পর্যন্ত=২৭,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে । অর্থ বছরের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে । এ অর্থ বছরে ০২ টি যুব সংগঠন রেজিস্টেশন হয়েছে । বায়োগ্যাস প্রশিক্ষণ ০১ ব্যাচ সমাপ্ত হয়েছে। | ১.১) বিভাগীয় কার্যক্রম অবাহত রাখতে হবে,জুলাই যোদ্ধাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান প্রদান করতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ০৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের গত ০৮ টি সভার কার্যবিবরণী উপস্থাপন করেন । | উপজেলা পরিষদের ০৮ টি কমিটি দ্বি মাসিকসভার সুপারিশ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট । |
| ০৪ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৫ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, তিনি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়নের জন্য তথ্য প্রদানের প্রস্তাব করেন । | ১.১।আগামী ১৫ কার্যদিবসের মধ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করতে হবে । বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৬ বিবিধ | বিবিধ-১:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, পবিত্র ঈদ উল আযহা-২০২৫ এর সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরিন নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের দৈনিক/ অতিরিক্ত দ্বায়িত্ব ভাতা বাবদ-৯,৮৪০ /-(নয় হাজার আটশত চল্লিশ) টাকা বিল পিসি মো: ছানাউল হক দাখিল করেছেন । উক্ত বিল অদ্য সভায় অনুমোদিত হলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে পরিশোধ করার প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের খতিয়ান নং-২২৬ গং (হোল্ডিং নং-২৭), দাগ নং-১৯৪ গং জমির পরিমান ৮.৩৮ এর ১৪২৯ বাংলা হতে ১৪৩১ বাংলাসনের (২০২২-২০২৩ হতে ২০২৪-২৫ অর্থ বছর) ভূমি উন্নয়ন কর বাবদ বকেয়া ৯৮,১৩৪/- (আটানব্বই হাজার একশত চৌত্রিশ) টাকা এবং হালসনের ভূমি উন্নয়ন কর বাবদ-৫৪,৪৬৯/-(চুয়ান্ন হাজার চার শত উনষাট) টাকা সহ সর্বমোট =১,৫২,৬০৩/-(এক লক্ষ বায়ান্ন হাজার ছয়শত তিন) টাকা দাবী করা হয়েছে ।তিনি উক্ত ভূমি উন্নয়ন কর অনুমোদন ও পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>বিবিধ-৩:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ ম্যানুয়াল ও জাতীয় বেতন স্কেল ২০১৫ | ০১) পবিত্র ঈদ উল আযহা-২০২৫ এর সরকারি ছুটিকালীন সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরিন নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের দৈনিক/ অতিরিক্ত দ্বায়িত্ব ভাতা বাবদ-৯,৮৪০ /-(নয় হাজার আটশত চল্লিশ) টাকা বিল ভাউচারের মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত (আনসার) হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>০২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের খতিয়ান নং-২২৬ গং (হোল্ডিং নং-২৭), দাগ নং-১৯৪ গং জমির পরিমান ৮.৩৮ এর ১৪২৯ বাংলা হতে ১৪৩১ বাংলাসনের (২০২২-২০২৩ হতে ২০২৪-২৫ অর্থ বছর) ভূমি উন্নয়ন কর বাবদ =১,৫২,৬০৩/-(এক লক্ষ বায়ান্ন হাজার ছয়শত তিন) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

| | | |
|---|---|---|
| | মোতাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদের অনুপস্থিতির কারনে অস্থায়ী চেয়ারম্যান/ প্রশাসকের দায়িত্বপালনকারীকে কার্যভার ভাতা বাবদ মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদানের বিধান রয়েছে। সে মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর, সিলেট কে প্রশাসক উপজেলা পরিষদের অতিরিক্ত দ্বায়িত্বভাতা বাবদ নভেম্বর/২৪ হতে জুন/২৫ পর্যন্ত মোট ০৮ মাসের কার্যভার ভাতা বাবদ= ১২,০০০/- (বার হাজার ) টাকার বিল অনুমোদন ও প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>বিবিধ-০৪:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, সিলেট সদর উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরিন সিসি টিভি সংস্কার/মেরামত বাবদ= ২২,১৯০/-(বাইশ হাজার একশত নব্বই) টাকার বিল সরবরাহকারী প্রতিষ্ঠান গ্লোবাল ট্রেড কর্পোরেশন কর্তৃক দাখিল করা হয়েছে । তিনি উক্ত বিল অনুমোদন ও পরিশোধের জন্য প্রস্তাব উপস্থাপন করেন । | ০৩) উপজেলা নির্বাহী অফিসার সিলেট সদর, সিলেট কে প্রশাসক, উপজেলা পরিষদের অতিরিক্ত দ্বায়িত্বভাতা বাবদ নভেম্বর/২৪ হতে জুন/২৫ পর্যন্ত মোট ০৮ মাসের কার্যভার ভাতা বাবদ= ১২,০০০/- (বার হাজার ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>০৪) সিলেট সদর উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরিন সিসি টিভি সংস্কার/মেরামত বাবদ= ২২,১৯০/- (বাইশ হাজার একশত নব্বই) টাকার বিল অনুমোদিত হয় এবং বিলভাউচারের মাধ্যমে সরবরাহকারী প্রতিষ্ঠান গ্লোবাল ট্রেড কর্পোরেশন বরাবর পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

খোশনূর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯.৬৮
তারিখ: ২২/০৬/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৪। জেলা প্রশাসক, সিলেট ।
৫। উপজেলা ----------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৬। চেয়ারম্যান,-----------------------------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৭। জনাব/বেগম,--------------------------------সিলেট সদর, সিলেট ।
০৮। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৯) | ডা: আসমা আলম | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১০) | মিজ নিলুফার ইয়াসমিন | প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১১) | জনাব শীর্ষেন্দু পুরকায়স্থ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৩) | মিজ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |
| ১৪) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |

| | | |
|---|---|---|
| ১৫) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব ফরিদা আক্তার | প্রতিনিধি,উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৮) | মিজ সুবর্ণা দাস | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৯) | জনাব শংকর কুমার দাশ | উপজেলা পরিসংখ্যান অফিসার(চ:দা), সিলেট সদর, সিলেট । |

<u>সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)</u>

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |
| ০২) | জনাব শ্যামল চন্দ্র দাস | আইসিটি অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ০৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ০৫) | জনাব মো: কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব পাভেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকাদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ০৯) | মিজ শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট । |
| ১০) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১১) | জনাব মো: ছমির উদ্দিন | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |